রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২২, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(শুল্ক)

## প্রজ্ঞাপন

তারিখ, ৭ আষাঢ় ১৪১৩/২১ জুন ২০০৬

**এস, আর, ও নং ১৫৪-আইন/২০০৬/২১২৩/শুল্ক।**—Customs Act, 1969 (IV of 1969) এর section 25A তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, প্রি-শিপমেন্ট ইন্সপেকশন বিধিমালা, ২০০২ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) প্রস্তাবনা অংশে উল্লিখিত "এর উদ্দেশ্য পূরণকল্পে, উক্ত Act এর section 219 এ" শব্দগুলি, সংখ্যা ও কমা বিলুপ্ত হইবে ;

(খ) বিধি ১৩ এর দফা (৩) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(৩) মূল্য নির্ধারণের পূর্বে রপ্তানীকারকের নিকট হইতে ভ্যালুয়েশন এগ্রিমেন্টের আলোকে তথ্য সংগ্রহ করিতে হইবে এবং উহা প্রত্যয়নপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে;"

(গ) বিধি ২১ এর—

(অ) দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(খ) প্রত্যয়নভুক্ত পণ্যের চালান সরেজমিনে পরীক্ষার জন্য আমদানিকারক কর্তৃক যথাযথ ডকুমেন্টসসহ বিল অব এন্ট্রি দাখিল করিবার তারিখ হইতে, দফা (গ) এর বিধান সাপেক্ষে, অনধিক তিন কার্যদিবসের মধ্যে


মূল্য : টাকা ২.০০

সংশ্লিষ্ট ক্ষমতাপ্রাপ্ত শুল্ক কর্মকর্তা কর্তৃক পণ্যের চালান সরেজমিনে পরীক্ষা শুরু করিতে হইবে এবং যুক্তিসংগত সময়ের মধ্যে উহা সম্পন্ন করিতে হইবে এবং কোনরূপ রাসায়নিক পরীক্ষা সরেজমিনে পরীক্ষা বলিয়া গণ্য হইবে;"; এবং

(আ) দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(গ) সরেজমিনে পরীক্ষার সময় আমদানিকারক বা তাহার প্রতিনিধি ও পরিদর্শন সংস্থার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে উপস্থিত থাকিবার জন্য সংশ্লিষ্ট এসেসমেন্ট বা এপ্রেইজমেন্ট শাখার দায়িত্বপ্রাপ্ত প্রিন্সিপাল এপ্রেইজার বা সুপারিনটেনডেন্ট সরেজমিন পরীক্ষার পূর্বে সর্বোচ্চ ২ (দুই) কার্যদিবস সময় প্রদান করিয়া বিল অব এন্ট্রি অথবা ডাটাশীট অথবা নথিতে তাঁহাদের স্বাক্ষর (নাম, পদবী ও তারিখসহ) গ্রহণপূর্বক অবহিত করিবেন এবং উক্তরূপ পরীক্ষার প্রতিবেদনে উপস্থিত আমদানিকারক বা তাহার প্রতিনিধি ও পরিদর্শন সংস্থার প্রতিনিধি স্বাক্ষর করিবেন;";

(ঘ) বিধি ২৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২৩ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(২৩) **রিভিউ কমিটি গঠন ও উহার কার্যপদ্ধতি।**—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি রিভিউ কমিটি গঠন করিবে, যথা ঃ—

(ক) কমিশনার অব কাস্টমস (আপীল), যিনি উহার সভাপতি হইবেন।

(খ) বোর্ড কর্তৃক মনোনীত যুগ্ম-কমিশনারের নিম্নে নহেন, এমন একজন শুল্ক কর্মকর্তা, যিনি উহার সদস্য-সচিব হইবেন,

(গ) ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ কর্তৃক মনোনীত কোন ব্যবসায়ী সংগঠনের একজন প্রতিনিধি, এবং

(ঘ) পরিদর্শন সংস্থা কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি।

(২) প্রত্যয়নপত্র দ্বারা পণ্য খালাসের পর যদি আমদানিকারকের নিকট প্রতীয়মান হয় যে, প্রত্যয়নপত্রটির কারণে অথবা পরিদর্শন সংস্থা কর্তৃক এই বিধিমালার বিধি ৮ ও ১২ এর বিধান যথাযথভাবে অনুসরণ না করার কারণে অথবা বিধি ২২(৪) এর অধীন সাময়িক শুল্কায়নের কারণে তিনি ক্ষতিগ্রস্ত হইয়াছেন, তাহা হইলে সংশ্লিষ্ট পণ্য চালান খালাসের ২১(একুশ) কার্যদিবসের মধ্যে তিনি রিভিউ কমিটির নিকট অভিযোগ দায়ের করিতে পারিবেন।

(৩) অভিযোগকারীর নিকট হইতে উপ-বিধি (২) এর অধীন অভিযোগ প্রাপ্তির ৪৫(পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে রিভিউ কমিটি শুনানী সম্পন্ন করিবে এবং শুনানী সম্পন্ন হইবার তারিখ হইতে ৭(সাত) কার্যদিবসের মধ্যে উহার সিদ্ধান্ত লিখিতভাবে পক্ষগণকে অবহিত করিবে ঃ

তবে শর্ত থাকে যে, ৪৫(পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে শুনানী সম্পন্ন করিতে ব্যর্থ হইলে যুক্তিসঙ্গত কারণ লিপিবদ্ধ করিয়া রিভিউ কমিটি বোর্ডের নিকট শুনানীর সময় বৃদ্ধির জন্য আবেদন করিলে বোর্ড শুনানীর জন্য আরও ৩০(ত্রিশ) কার্যদিবস সময় বৃদ্ধি করিতে পারিবে।

(৪) রিভিউ কমিটি ঢাকা, চট্টগ্রাম এবং বোর্ড কর্তৃক নির্ধারিত অন্য কোন স্থানে শুনানী গ্রহণ করিতে পারিবে এবং শুনানীকালে উভয় পক্ষকে হাজির থাকিবার জন্য লিখিত নোটিশ প্রদান করিবে।

(৫) অন্যূন ৩(তিন) জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম গঠিত হইবে এবং সংখ্যাগরিষ্ঠ সদস্যের ভোটের ভিত্তিতে রিভিউ কমিটি সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে রিভিউ কমিটির সভাপতির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৬) অভিযোগকারী বা তাহার মনোনীত প্রতিনিধি রিভিউ কমিটির সভাপতিকে যুক্তিসঙ্গত কারণ উল্লেখপূর্বক লিখিতভাবে অবহিত না করিয়া শুনানীকালে অনুপস্থিত থাকিলে রিভিউ কমিটি অভিযোগ খারিজ করিতে পারিবে।

(৭) পরিদর্শন সংস্থা বা, ক্ষেত্রমত, শুল্ক কর্তৃপক্ষের মনোনীত প্রতিনিধি রিভিউ কমিটির সভাপতিকে যুক্তিসঙ্গত কারণ উল্লেখপূর্বক লিখিতভাবে অবহিত না করিয়া শুনানীকালে অনুপস্থিত থাকিলে রিভিউ কমিটি সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করিয়া যথাযথ সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে।

(৮) শুনানীকালে কোন পক্ষই উপস্থিত না হইলে রিভিউ কমিটি স্বীয় বিবেচনা মোতাবেক সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে।"; এবং

(ঙ) বিধি ২৪ বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খায়রুজ্জামান চৌধুরী
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।